

নং- ৩৬.১০.০০০০.০০৩.১৪.০০৪.২০/২৩১


তারিখঃ ২২/০৬/২০২২

বিষয়ঃ সেমিনার কিট (ব্যাগ) সরবরাহের লক্ষ্যে কোটেশন দাখিল প্রসঙ্গে।

বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ প্রকল্পের কাজে ব্যবহারের জন্য ৬০০(ছয়শত)টি সেমিনার কিট(ব্যাগ) ক্রয় করা প্রয়োজন। উক্ত মালামাল সরবরাহের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
|-----------|---|--------|
| ০১ | বাংলাদেশ মনোগ্রাম ও প্রশিক্ষণ টাইটেলসহ ৪ কালার স্ক্রীন প্রিন্টসহ ১৬"×১২" সাইজের সেমিনার কিট (ব্যাগ) (হাফ ফোল্ডিং, হাফ ঢাকনা, উন্নতমানের ১০ নম্বর চেইন, দুবাই ফেরিক্স দিয়ে তৈরি) বাংলাদেশ মনোগ্রাম ও প্রশিক্ষণ টাইটেলসহ ৪ কালার স্ক্রীন প্রিন্ট | ৬০০ টি |

বর্ণিত মালামালগুলি সরবরাহে আগ্রহী প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠান-কে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) করা যাচ্ছে। আগ্রহী ব্যবসায়ী/ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানকে আগামী ২৯/০৬/২০২২ তারিখ বেলা ১১.০০ ঘটিকার মধ্যে মুখবন্ধখামে প্রকল্প পরিচালক, এনপিও এর বরাবরে দাখিল করতে হবে। (কক্ষ নং ২৩২, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা)। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।


২২/০৬/২০২২
(মুহাম্মদ আরিফুর রহমান)
প্রকল্প পরিচালক

শর্তাবলীঃ

- (১) প্রতিষ্ঠানের মুদ্রিত প্যাডে দর প্রস্তাব দাখিল করতে হবে।
- (২) দরদাতা প্রতিষ্ঠানের প্রস্তাবিত মূল্যের উপর বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স প্রদান করতে হবে।
- (৩) নির্ধারিত সময়ের পরে কোন দর প্রস্তাব গ্রহণ করা হবে না এবং
- (৪) কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দর প্রস্তাব বাতিল বা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিতরণঃ

- ১। এনপিও দপ্তরের নোটিশ বোর্ড/ওয়ের সাইট।
- ২। জিপিও গেট।
- ৩। সচিবালয় গেট।
- ৪। বিজয় নগর রোড।
- ৫। তোপখানা রোড।
- ৬। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম গেটসমূহ।
- ৭। প্রকাশ্য উন্মুক্ত স্থানসমূহ।